DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 14 Sep 2026, 01:24 PM

সারাদেশ

# ব্রাহ্মণবাড়িয়া পুলিশ লাইন্সে অনাকাঙ্ক্ষিত ঘটনায় ৩ পুলিশ সদস্য প্রত্যাহার, তদন্ত কমিটি গঠন

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ব্রাহ্মণবাড়িয়া জেলা পুলিশ লাইন্সে গতকাল রাতে ঘটে যাওয়া একটি অনাকাঙ্ক্ষিত ঘটনাকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। ঘটনাটিকে সর্বাধিক গুরুত্বের সঙ্গে নিয়ে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করেছে জেলা পুলিশ প্রশাসন।

দায়িত্বে অবহেলা ও গেট ডিউটিতে বিচ্যুতির অভিযোগে ইতোমধ্যে তিন পুলিশ সদস্যকে সকল প্রকার দায়িত্ব থেকে প্রত্যাহার (ক্লোজড) করে পুলিশ লাইন্সে সংযুক্ত করা হয়েছে।

বুধবার (১৯ আগস্ট) জেলা পুলিশের পক্ষ থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করে জানানো হয়।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, ঘটনার প্রকৃত কারণ ও সার্বিক পরিস্থিতি নিরপেক্ষভাবে খতিয়ে দেখতে অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ)-কে প্রধান করে তিন সদস্যবিশিষ্ট একটি উচ্চপর্যায়ের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে বিষয়টি পুঙ্খানুপুঙ্খভাবে তদন্ত করে দ্রুততম

সময়ের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে।

জেলা পুলিশের পক্ষ থেকে স্পষ্ট জানিয়ে দেওয়া হয়েছে, তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী ঘটনায় জড়িতদের বিরুদ্ধে বিধি মোতাবেক কঠোর প্রশাসনিক ও আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিবৃতিতে আরও বলা হয়, ব্রাহ্মণবাড়িয়া জেলা পুলিশ সর্বদাই শৃঙ্খলা, পেশাদারিত্ব ও জবাবদিহিতা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। একই সঙ্গে, স্পর্শকাতর ও তদন্তাধীন এ বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম বা অন্য কোথাও কোনো ধরনের অনুমাননির্ভর ও বিভ্রান্তিকর তথ্য প্রচার না করার জন্য সর্বসাধারণের প্রতি বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে।

---

## এ বিভাগের আরও খবর




**সার্ভার হ্যাক করে এনআইডি-সিডিআরসহ গোপন তথ্য সরবরাহ, যুবক গ্রেপ্তার**
নওগাঁর মান্দায় নির্বাচন কমিশনের সার্ভারে সংরক্ষিত নাগরিকদের ব্যক্তিগত ও গোপন তথ্য সংগ্রহ করে অর্থের বিনিময়ে সরবরাহের অভিযোগে মো. আব্দুস সালা...




**যৌতুকের জন্য গৃহবধূকে হত্যার অভিযোগ পরিবারের, গ্রেফতার দাবি**
নীলফামারীতে যৌতুকের জন্য নাছরিন নাহার (৩৫) নামে এক গৃহবধূকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে বলে অভিযোগ করেছে তাঁর পরিবার। এ ঘটনায় জড়িতদের দ্রু...



### হাইকোর্টের নির্দেশে ইসলামী রীতিতে শুভ চন্দ্রের দাফন সম্পন্ন

অবশেষে হাইকোর্টের নির্দেশে ইসলামী রীতি অনুযায়ী দাফন করা হয়েছে ধর্মান্তরিত শুভ চন্দ্র দাস ওরফে মো. বিল্লালের মরদেহ। রোববার রাতে নারায়ণগঞ্জ নগ...



### পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

https://www.dhakaprobe.com/saradesh/brahmnbariya-pulish-lainse-onakangkshit-ghtnay-3-pulish-sdsj-prtjahar-tdnt-kmiti-gthn